

উপজেলা সমবায় কার্যালয়, বন্দর, নারায়ণগঞ্জ এর সাম্প্রতিক কর্মকান্ড

ভূমিকাঃ

সমবায় পদ্ধতির অনুশীলন ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় ও উদ্যোগকে একত্রিত করে যৌথ প্রচেষ্টার মাধ্যমে বৃহত্তর উদ্যোগ গ্রহণে সহায়তা করে। এ ধরনের উদ্যোগের অংশীদার হয়ে সদস্যদের আনুপাতিক সম্পদের পরিমাণ বৃদ্ধি পায় যা তাদের অধিকতর জীবনমান উন্নয়নে ইতিবাচক ভূমিকা পালন করে আদর্শ, মূল্যবোধ এবং গণতান্ত্রিক অনুশীলনের কারণে সমবায় সুশাসনের প্রতীক। আর সমাজ ও জাতীয় জীবনের সর্বস্তরে সুশাসন প্রতিষ্ঠা সরকারের অঙ্গিকার। এই অঙ্গিকার বাস্তবায়নের লক্ষ্যে বন্দর উপজেলার মাধ্যমে জেলা সমবায় কার্যালয় হতে নিবন্ধিত ৯০ টি কার্যকর প্রাথমিক, ০৪ টি আশ্রয়ণ সমবায় সমিতি এবং ০১টি কেন্দ্রীয় সমবায় সমিতির কার্যক্রম পরিচালিত হচ্ছে।

০১। বিধিবদ্ধ কাজ : সমবায় সমিতিগুলোর কার্যক্রম সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধিত, ২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ মোতাবেক পরিচালিত ও নিয়ন্ত্রিত হয়ে থাকে।

- ১) নিবন্ধিত সমবায় সমিতির অডিট সম্পাদন।
- ২) সমবায় সমিতি পরিদর্শন।
- ৩) উৎপাদনমুখী সমবায় সমিতি গঠন করা।
- ৪) অডিট ও তদন্তের ভিত্তিতে দায়ী সমিতি ও ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ।
- ৫) অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল আদায়।
- ৬) সমিতির কার্যক্রম মনিটরিং করা।
- ৭) সমবায় সমিতির সদস্যদের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ।
- ৮) সমিতির সদস্যদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলা।

২। উদ্ধৃদ্ধকরণ :

ক) সদস্যদেরকে বিভিন্ন আয়বর্ধনমূলক কর্মকান্ডে উদ্ধৃদ্ধ করা।
খ) সমিতির সদস্যদেরকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিটের মাধ্যমে প্রশিক্ষণ দেয়া। (সমিতি পরিচালনা সংক্রান্ত নিয়মকানুন, মানি লন্ডারিং, সামাজিক নৈতিকতা, বাল্য বিবাহ, যৌতুক, মাদক, হাঁস মুরগী পালন, মৌমাছি পালন, মৎস্য উৎপাদন, গরু মোটা তাজাকরণ ইত্যাদি বিষয়ের উপর বিগত ১০ বছরে প্রায় ৮০০ জন সমবায়ীকে ০১ দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রতিটি প্রশিক্ষণে সমবায়ীগণ প্রশিক্ষণে ভাতা পাবে ২০০ (দুই) শত টাকা এবং দুপুরে খাওয়া বরাদ্দ রয়েছে।

৩। সমবায়ীদের অর্থায়নে নিজস্ব প্রকল্পঃ

- ক) মৎস্য প্রকল্প।
- খ) সেলাই প্রকল্প।
- গ) হস্ত শিল্প প্রকল্প।
- ঘ) ক্ষুদ্র ব্যবসা প্রকল্প।
- ঙ) গরু মোটা তাজাকরণ প্রকল্প।

০৪। সমিতির মোট সদস্য সংখ্যা :

| পুরুষ | মহিলা | মোট | মন্তব্য |
|----------|---------|----------|-----------------|
| ২০৯১৭ জন | ৭০৫৬ জন | ২৭৯৭৩ জন | বিভাগীয় সমিতির |

০৫। সমিতির মাধ্যমে স্ব- কর্ম সংস্থানের সংখ্যা :

| কর্মসংস্থান | পুরুষ | মহিলা | মোট | মন্তব্য |
|----------------|---------|--------|---------|---------|
| সমিতিতে চাকুরী | ৭৫ জন | ১২ জন | ৮৭ জন | |
| স্বকর্মসংস্থান | ১১৫৮ জন | ৭২০ জন | ১৮৭৮ জন | |
| মোট= | ১২৩৩ জন | ৭৩২ জন | ১৯৬৫ জন | |

০৬। উৎপাদনমুখী সমিতির সংখ্যা : ০৪ টি।

| উৎপাদনের শ্রেণী | সমিতির সংখ্যা | ২০২১-২২ অর্থ বছরে আয় | ২০২২-২৩ অর্থ বছরে আয় | মোট আয় |
|-------------------------|---------------|--------------------------|--------------------------|---------|
| মৎস্য উৎপাদনকারী সমিতি | ০১ | ১০৩০০০ | ২৭৪০০০ | ৩৭৭০০০ |
| গরু মোটা-তাজা করণ সমিতি | ০১ | ৪২০০০০ | ৯৬০০০০ | ১৩৮০০০০ |
| ফুল উৎপাদনকারী সমিতি | ০১ | ৫৫০০০০ | ১৩৮০০০০ | ১৯৩০০০০ |
| দুধ উৎপাদনকারী সমিতি | ০১ | ৩৬০০০ | ১১২০০০ | ১৪৮০০০ |
| মোট= | ০৪ | ১১০৯০০০ | ২৭২৬০০০ | ৩৮৩৫০০০ |

০৭। ২০২১-২০২২ সনের অডিট ফি ও সিডিএফ (সরকারী রাজস্ব আদায়):-

| সমিতির ধরণ | সমিতি র সংখ্যা | অডিট ফি ধার্য | ভ্যাট | মোট আদায় | সিডিএফ ধার্য | আদায় | মন্তব্য |
|----------------------|----------------------|---------------|-----------|-----------|--------------|-----------|---------|
| কেন্দ্রীয় (পউবো) | ১ | ২৪,৩৬০.০০ | ৩,৬৫৪.০০ | ২৮০১৪.০০ | ৭,৩০৬.০০ | ৭,৩০৬.০০ | |
| প্রাথমিক (সাধারণ) | ৪৮ | ৫০,১৬০.০০ | ৭,৫৩৩.০০ | ৫১৬৯৩.০০ | ১৭,৮৬৮.০০ | ১৫,৮৬৮.০০ | |
| মোট= | ৪৯ | ৭৪,৫২০.০০ | ১১,১৮৭.০০ | ৯৬,৭০৭.০০ | ২৪,১৭৪.০০ | ২৩,১৭৪.০০ | |

০৮। আশ্রয়ণ এর সংক্ষিপ্ত বিবরণঃ অত্র বন্দর উপজেলায় পূর্বে ০১টি আশ্রয়ণ সমবায় সমিতি বিদ্যমান ছিল। মুজিব বর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ভূমিহীন ও গৃহহীন পরিবারকে জমি ও গৃহ প্রদান করেন। উক্ত সদস্যদের নিয়ে বিগত ২৯/১২/২০২২ খ্রিঃ তারিখে আরো ০৩টি আশ্রয়ণ সমবায় সমিতি গঠন করা হয়েছে। এ সমবায় সমিতির মাধ্যমে আশ্রয়ণে বরাদ্দপ্রাপ্ত প্রায় ২০০ পরিবারের ৫০০জন সুবিধাভোগীকে এখন সমবায় দপ্তর থেকে প্রশিক্ষণ প্রদান করা হবে যাতে তারা আত্মকর্মসংস্থান সৃষ্টিতে ভূমিকা রাখতে পারে।

০৯। বৃক্ষ রোপণ কর্মসূচীঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু, শেখ মজিবুর রহমান এর ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০২২ পালনের নিমিত্ত প্রস্তুতিমূলক সভায় কার্য বিবরণী সিদ্ধান্তক্রমে ইতিমধ্যে বন্দর উপজেলার বিভিন্ন সমবায় সমিতির সদস্যদের সহিত আলোচনাক্রমে তাদের বসত বাড়ীর নিজ আঙ্গিনায় এখন পর্যন্ত সর্বমোট ২৩৫০ টি বৃক্ষ রোপণ করা হয়েছে। উক্ত বৃক্ষের তদারকি কাজ অব্যাহত আছে।

১০। বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদানঃ সমবায় বিভাগের মাধ্যমে বিভিন্ন ট্রেডে সময় সময় আমাদের নিজস্ব প্রশিক্ষণ মিলনায়তনে ০৫-১৫ দিন ব্যাপী বিভিন্ন ট্রেডের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। বিগত ১০ বছরে প্রায় ২০০ জন সমবায়ীকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ প্রশিক্ষণের মাধ্যমে তারা আত্ম-নির্ভরশীল হতে পেরেছেন।